প্রতিদিন বাকাশিবো এর ওয়েবসাইট (www.bteb.gov.bd) ভিজিট করুন এবং আপনার প্রতিষ্ঠানের ই-মেইল ওপেন করুন।

# বাংলাদেশ কারিগির শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ (ডিপ্লোমা শাখা)
৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
Website : www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.২০.৩৮০

তারিখঃ২৩-১১-২০২০ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের ২০১৩ প্রবিধানভূক্ত **১ম ও ৩য় পর্ব পরিপূরক পরীক্ষা-২০১৯** আগামী **১৫ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ** রোজ মঙ্গলবার হতে স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান/নির্ধারিত কেন্দ্রে অনুষ্ঠিত হবে। পরীক্ষার বিস্তারিত সময়সূচি যথাসময়ে অবহিত করা হবে। উক্ত পরীক্ষার প্রয়োজনীয় তথ্যাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান হতে অবহিত হওয়া যাবে এবং কারিগরি শিক্ষা বোর্ডের নিজস্ব ওয়েবসাইটেও দেখা যাবে।
উল্লেখ্য পরীক্ষা গ্রহন ও ফরম ফিলাপ এর ক্ষেত্রে **স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয় এবং স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক সকল প্রকার স্বাস্থ্যবিধি যথাযথভাবে পালন করতে হবে।**

২৩/১১/২০২০

**(ড. সুশীল কুমার পাল)**
পরীক্ষা নিয়ন্ত্রক
ফোনঃ ০২-৫৫০০৬৫২৫

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ৪ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি শিক্ষাক্রমের প্রবিধান ২০১৩ মোতাবেক ফেব্রুয়ারি,২০২০ মাসে অনুষ্ঠিত **১ম ও ৩য় পর্ব** সমাপনী পরীক্ষায় অনধিক দুই বিষয়ে অনুত্তীর্ণ পরীক্ষার্থীরা এ পরিপূরক পরীক্ষায় অংশ গ্রহণ করবে। পরীক্ষার্থীদের ফরম ফিলাপ, পরীক্ষার ফি আদায় এবং বোর্ড অফিসে ফি প্রেরণের নিয়মাবলী নিম্নে প্রদত্ত হলো।

১। **পরীক্ষার ফরম পূরণের নিয়মঃ**

১.১ ফরম পূরণ Online -এ সম্পন্ন করতে হবে।

১.২ ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি কোর্সের **১ম** ও ৩য় পর্ব পরিপূরক পরীক্ষার প্রিন্টআউট কপি নির্ধারিত তারিখ (অনুচ্ছেদ ৩.৮) অনুযায়ী অত্র বোর্ডের Website হতে Probable List সংগ্রহ করতে হবে। Online -এ ফরম পূরণ করার পর Final List -এর প্রিন্ট কপিতে পরীক্ষার্থীদের স্বাক্ষর যুক্ত করতে হবে। উল্লেখ্য, Website হতে সংগ্রহকৃত Final List -এর প্রিন্ট-আউট কপির ফটোকপি অবশ্যই নিজ নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে, পরবর্তীতে উক্ত পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত যে কোন সমস্যায় প্রিন্ট-আউট কপির ফটোকপিসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

১.৩। ১ম ও ৩য় পর্বের পরিপূরক পরীক্ষা লিথুবিহীন উত্তরপত্রে গ্রহণ করতে হবে।

২। **পরীক্ষার ফি ও অন্যান্য ফি-সমূহের হারঃ**

প্রত্যেক পরীক্ষার্থীর নিকট হতে পরিপূরক পরীক্ষার ফি বাবদ ২২৫/- (দুইশত পঁচিশ) টাকা এবং কেন্দ্র ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা আদায় করতে হবে।

৩। **শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রিন্টআউট কপি এবং ফি প্রেরণের নিয়মাবলীঃ**

৩.১ পরীক্ষার্থীদের ফরম ফিলাপ এবং ফি-সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি অত্র অফিসে গ্রহণ করা হবে না।

৩.২ অসম্পূর্ণ অথবা ভুল তথ্যবিশিষ্ট প্রিন্ট-আউট কপি গ্রহণযোগ্য হবে না।

৩.৩ ১ম ও ৩য় পর্বের পরিপূরক পরীক্ষার্থীদের নিকট হতে পরীক্ষার ফি বাবদ আদায়কৃত অর্থ একটি মাত্র ব্যাংক ড্রাফট এর মাধ্যমে সোনালী ব্যাংক/সোস্যাল ইসলামী ব্যাংকের যে কোনা শাখা হতে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকুলে ব্যাংক ড্রাফট করে প্রেরণ করতে হবে। ব্যাংক ড্রাফটটি সোনালী ব্যাংক আগারগাঁও শাখা/সোস্যাল ইসলামী ব্যাংক, বেগম রোকেয়া স্মরণী শাখা হতে উত্তোলনযোগ্য হতে হবে। ব্যাংক ড্রাফট এর সাথে পূরণকৃত ফরম ফিলাপ (EIF) এর Final List, Total Student List এবং Total Question Count এর প্রিন্ট আউট কপি অবশ্যই জমা দিতে হবে।

৩.৪ পরীক্ষার কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের কেন্দ্র ফি তহবিলের ব্যাংক একাউন্টে জমা থাকবে এবং পরীক্ষা শেষে কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ পরীক্ষা সংক্রান্ত সকল স্তরে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সম্মানী/পারিশ্রমিক নির্ধারিত হারে পরিশোধের ব্যবস্থা করতে হবে। পরিশোধিত বিলের একটি প্রতিলিপি (মোট আয় ও ব্যয়ের অংক উল্লেখসহ) যথাসময়ে অত্র বোর্ডের সচিব বরাবরে প্রেরণ করতে হবে।

৩.৫ ব্যাংক ড্রাফট সংগ্রহের নিমিত্ত প্রদানযোগ্য কমিশন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। নগদ অর্থ, মানি অর্ডার চেক, পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালানযোগে প্রেরিত অর্থ গ্রহণযোগ্য নয়।

৩.৬ Website হতে সংগ্রহকৃত পরীক্ষার্থীদের Final List এর প্রিন্ট-আউট কপি/এন্ট্রিফরমের নির্ধারিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান অবশ্যই স্বাক্ষর করবেন।

৩.৭ নিম্নবর্ণিত ছক অনুযায়ী টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের একটি তালিকা প্রেরণ করতে হবেঃ

| ক্রমিক নং | পরীক্ষার্থীর নাম | রোল নম্বর | রেজিঃ নম্বর ও সেসন | পরিপূরক বিষয় কোড | পরীক্ষার ফি | বিলম্ব ফি | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ | ৮ | ৯ |
| | | | | | | | |

৩.৮ নিম্ন ছকে প্রদত্ত তারিখ অনুযায়ী পরীক্ষা সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অধিকতর যত্নশীল ও দায়িত্বান হওয়ার জন্য অনুরোধ করা হলো ঃ

| অত্র বোর্ডের Website এ ফরম ফিলাপ এর ডাটা এন্ট্রি করার তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে বিলম্ব ফি ছাড়া ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষার্থী প্রতি ৩০০/- টাকা বিলম্ব ফিসহ ফরম ফিলাপ ও ব্যাংক ড্রাফট করার শেষ তারিখ | সকল ব্যাংক ড্রাফট, প্রিন্ট-আউট কপি অত্র বোর্ডে জমা / গ্রহণের তারিখ | নির্ধারিত তারিখের (০৬-১২-২০২০) পর প্রতিষ্ঠান কর্তৃক ২৫০০/- টাকা জরিমানা সাপেক্ষে ০৭-১২-২০২০ তারিখ পর্যন্ত প্রিন্ট-আউট কপি, মুখপত্র ও ব্যাংক ড্রাফট গ্রহণ করা হবে। | অত্র বোর্ড হতে প্রবেশপত্র ও পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণের তারিখ | প্রবেশপত্র সংশোধনের সময়সীমা . |
|---|---|---|---|---|---|---|
| ২৫-১১-২০২০ হতে ০৩-১২-২০২০ | ০২-১২-২০২০ | ০৩-১২-২০২০ | ০৬-১২-২০২০ | | ১৩-১২-২০২০ | ১৪-১২-২০২০ |

৩.৯ <u>পরীক্ষা সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র ঃ- (ক) পরীক্ষার্থীদের Final List এর প্রিন্ট-আউট কপি (খ) পরীক্ষার ফি এর ব্যাংক ড্রাফট (গ) টেকনোলজি ভিত্তিক পরীক্ষার্থীদের ৩.৭ অনুযায়ী তালিকা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের একজন দায়িত্বশীল কর্মকর্তা/রেজিষ্টার বা সমপর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে অত্র বোর্ডে প্রেরণের ব্যবস্থা করতে হবে।</u> তবে, সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমন সম্পর্কিত ব্যয়ভার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বহনযোগ্য।

৩.১০ পরীক্ষা সংক্রান্ত সকল বিষয়ের যোগাযোগ অত্র বোর্ডের **পরীক্ষা নিয়ন্ত্রক, দৃষ্টি আর্কষণঃ উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)** বরাবরে প্রেরণ করতে হবে।

৪। <u>অন্যান্য শর্তাবলী ঃ</u>

৪.১ পরীক্ষার্থীদের ফি সমূহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যম ব্যতিত সরাসরি গ্রহণ করা হবে না। পরীক্ষার্থীদের নিকট হতে আদায়কৃত ফি এর অর্থ একটি মাত্র ড্রাফট এর মাধ্যমে ও ৩.৭ অনুচ্ছেদ মোতাবেক প্রণীত বিবরণী একটি ফরোয়ার্ডিং এর মাধ্যমে অত্র অফিসে প্রেরণ করতে হবে।

৪.২ নির্ধারিত সময়সীমার মধ্যে প্রিন্ট-আউট কপি অত্র বোর্ডে জমা গ্রহণ নিশ্চিত করতে ও সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে যে কোন প্রকারের উদ্বিগ্নতা ও বিড়ম্বনা হতে পরিত্রানের লক্ষ্যে ফরম ও ব্যাংক ড্রাফট ৩.৮ অনুচ্ছেদ মোতাবেক প্রেরণ করতে হবে।

৪.৩ প্রত্যেক পরীক্ষার্থী কর্তৃক ফরম পূরণের সময়ে অত্র বিজ্ঞপ্তি পরীক্ষার্থীকে পুরোপুরি ওয়াকিবহাল করার লক্ষ্যে পরীক্ষার তথ্য শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক পরীক্ষার্থীকে অবহিত করতে হবে।

৪.৪ ফরমপূরণকৃত সকল ছাত্রের হাজিরাসীটের সকল কলাম পূরণ করতে হবে এবং তা পরীক্ষা শেষে কেন্দ্র সচিবের স্বাক্ষরসহ বাহক মারফত বোর্ডের সংশ্লিষ্ট শাখায় পাঠানো নিশ্চিত করতে হবে। প্রয়োজনে প্রতিষ্ঠানে ফটোকপি সংরক্ষণ করতে হবে।

৪.৫ **<u>পরীক্ষায় উত্তরপত্র ব্যবহারের একটি দৈনন্দিন রেজিস্টার সংরক্ষণ করতে হবে। অব্যবহৃত উত্তরপত্র ও অতিরিক্ত উত্তরপত্র অবশ্যই পরীক্ষা শেষ হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে উত্তরপত্র ব্যবহার ও উদ্বৃত্ত বিবরণীসহ অত্র বোর্ডের সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক(বিতরণ) বরাবর ফেরত দিতে হবে। অন্যথায় পরবর্তী পরীক্ষার উত্তরপত্র প্রদান করা হবে না।</u>**

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০১.৩১.০০৫.২০.৩৮০(১২) তারিখঃ ২৩-১১-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১. সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২. উপদেষ্টা, স্বাস্থ্য প্রযুক্তি ও সেবা শিক্ষাক্রম অনুষদ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. অধ্যক্ষ/পরিচালক, .......................................................................................।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (গোপনীয়)/সনদ/বিএম/ভোকঃ/শর্টকোর্স, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপ-সচিব (রেজিঃ)/উপ-সচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিস্ট, বাকাশিবো (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং নির্ধারিত সময়ে Online -এ ডাটা এন্ট্রির ব্যবস্থা করার জন্য অনুরোধসহ)।
৮. সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক বিতরণ/কৃষি/শর্টকোর্স/টেক্সটাইল, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. ইনফরমেশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. প্রেস ম্যানেজার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১. চেয়ারম্যান মহোদয়ের পার্সোনাল অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২. নথি।

২৩/১১/২০২০ খ্রিঃ

**(মোহাম্মদ আবুল শাহিন কাওছার সরকার)**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (ডিপ্লোমা)
ফোনঃ ০২-৫৫০০৬৫৩১